গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৭.১৫৯.২২- ২৬৭

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১।
০৫ মে ২০২৪।

**বিষয়: খুলনা জেলার কয়রা উপজেলা পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: (১) দুর্নীতি দমন কমিশন, ঢাকা'র স্মারক নং-১৯৭৮৫; তারিখ: ২৯ মে ২০২২।
(২) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর স্মারক নং-৩৪৭; তারিখ: ০২ এপ্রিল ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে খুলনা জেলার কয়রা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব এস. এম শফিকুল ইসলাম'র বিরুদ্ধে আয় বহির্ভূতভাবে দুর্নীতি করে কোটি কোটি টাকা অর্জন, ঘূর্ণিঝড় আইলা, সিডরে বিধস্ত কয়রা ইউনিয়নে বিভিন্ন সরকারী, দেশী ও বিদেশী বিভিন্ন সংস্থার মাধ্যমে গরীব মানুষের জন্য দেওয়া ত্রাণের অর্থ এবং সরকারের বিভিন্ন প্রকল্প যেমন এল,জি, এস,পি, ও এ.ডি.পি, কাবিখা, ভি,জি,এফ, সহ অন্যান্য প্রকল্পের টাকা দুর্নীতির মাধ্যমে আত্মসাতের অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোস্থ-১ স্মারকে অনুরোধ করা হয় **(কপি সংযুক্ত)**। সে প্রেক্ষিতে সূত্রোস্থ-২ স্মারকে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য বিভাগীয় কমিশনার, খুলনা-কে অনুরোধ করা হয় **(কপি সংযুক্ত)**।

২। এমতাবস্থায়, খুলনা জেলার কয়রা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব এস. এম শফিকুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ার বিষয়টি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে..................পাতা।

০৫.০৫.২০২৪
(ড. মাসুরা বেগম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

সচিব
দুর্নীতি দমন কমিশন, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২। জেলা প্রশাসক, খুলনা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।